

পুরাতন আগরতলায় কৃষি মহকুমা তত্ত্বাবধায়ক কার্যালয়ের উদ্বোধন

**কৃষকদের কল্যাণে রাজ্যের প্রতিটি ব্লকে কৃষি
মহকুমা কার্যালয় গড়ে তোলা হচ্ছে : কৃষিমন্ত্রী**

কৃষকদের কল্যাণে রাজ্যের প্রতিটি ব্লকে কৃষি মহকুমা কার্যালয় গড়ে তোলা হচ্ছে। রাজ্যে ৫৮টি ব্লকের মধ্যে ৪৫টি ব্লকে কৃষি মহকুমা কার্যালয় ছিলো। পুরাতন আগরতলা ব্লকে কৃষি মহকুমা কার্যালয়ের উদ্বোধনের ফলে রাজ্যে কৃষি মহকুমা কার্যালয়ের সংখ্যা দাঁড়ালো ৪৬টি। আজ পুরাতন আগরতলায় কৃষি মহকুমা তত্ত্বাবধায়ক কার্যালয়ের উদ্বোধন করে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। পুরাতন আগরতলা ব্লকে মহকুমা কৃষি কার্যালয়ের উদ্বোধন উপলক্ষে এদিন পুরাতন হাবেলির মুক্তমঞ্চে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উদ্যোগে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তা শরদিন্দু দাস, সমাজসেবী অমিত কুমার নন্দী প্রমুখ। অনুষ্ঠানে পশ্চিমবঙ্গের বারাসাতে অনুষ্ঠিত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নারী শক্তি বন্ধন অভিনন্দন কর্মসূচি সরাসরি সম্প্রচার করা হয়। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, আগামীদিনে রাজ্যের অবশিষ্ট ব্লকগুলিতেও কৃষি মহকুমা কার্যালয় গড়ে তোলা হবে। পুরাতন আগরতলা ব্লকে কৃষি মহকুমা কার্যালয়ের উদ্বোধনের ফলে এই অঞ্চলের ৩,৮৬৮টি কৃষক পরিবার উপকৃত হবে। এই কৃষি মহকুমার অধীনে ৪,৪৯৫ হেক্টর কৃষি জমি রয়েছে। কৃষিমন্ত্রী আশা প্রকাশ করেন পুরাতন আগরতলা কৃষি মহকুমা কার্যালয় থেকে এখানকার কৃষকরা এখান থেকে সহজেই বিভিন্ন প্রকল্পের সহায়তা পাবেন।

অনুষ্ঠানে কৃষিমন্ত্রী আরও বলেন, কেন্দ্র ও রাজ্য সরকার কৃষকদের আয় দ্বিগুণ করার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করছে। কৃষির বিকাশ ও কৃষকের কল্যাণ বর্তমান সরকারের অগ্রাধিকারের ক্ষেত্র। তিনি বলেন, খুব শীঘ্রই এই অঞ্চলে একটি কৃষক বন্ধু কেন্দ্র চালু করা হবে। এই কৃষক বন্ধু কেন্দ্র থেকে এখানকার কৃষকরা বিজ্ঞানসম্মত পদ্ধতিতে চাষাবাদে সহায়তা পাবেন। অনুষ্ঠানে বিধায়ক রতন চক্রবর্তী পুরাতন আগরতলা ব্লকে কৃষি মহকুমা কার্যালয় চালু করায় কৃষিমন্ত্রীকে অভিনন্দন জানান। তিনি বলেন, এই কৃষি মহকুমা কার্যালয় থেকে এই অঞ্চলের কৃষকরা খুব সহজেই বিভিন্ন সুযোগ সুবিধা পাবেন। কৃষি মহকুমা কার্যালয়ের উদ্বোধন উপলক্ষে পুরাতন হাবেলি মুক্তমঞ্চে কৃষি মেলার আয়োজন করা হয়। কৃষি মেলায় এলাকার ২ শতাধিক কৃষক তাদের উৎপাদিত পণ্য নিয়ে অংশগ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর কৃষিমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ কৃষি মেলা পরিদর্শন করেন।